তারিখ 29 SEP 2016
পৃষ্ঠা ১৭ কলাম ৬

যুগান্তর

# ঢাবি 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা কাল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

চলতি, শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায়, শিক্ষা অনুষদভুক্ত 'গ' ইউনিটের অধীনে ১ম বর্ষ সম্মান শ্রেণীর ভর্তি পরীক্ষা, আগামীকাল শুক্রবার অনুষ্ঠিত হবে। সকাল-১০টা থেকে ১১টা পর্যন্ত বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও ক্যাম্পাসের বাইরের মোট ৫৫টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ বছর ১ হাজার ২৫০টি আসনের জন্য ভর্তিচ্ছু আবেদনকারীর সংখ্যা ৪২ হাজার ১৪৭ জন। পরীক্ষাটি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে মোবাইল ফোন বা টেলিযোগাযোগ করা যায় এরূপ কোনো ইলেকট্রনিক ডিভাইস/যন্ত্র সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, পরীক্ষা চলাকালে মোবাইল কোর্ট দায়িত্ব পালন করবে। ভর্তি পরীক্ষার সিট-প্ল্যান বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট admission.eis.du.ac.bd থেকে জানা যাবে।